



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd



স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২২.২৭৫

তারিখ: ১৬ নভেম্বর, ২০২২ খ্রি.

ই-সেবায় শিক্ষক তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রম পরিচালিত সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে চলমান ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে পাঠদানকারী শিক্ষকগণের তালিকা (বিভাগীয় প্রধান, অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ) বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে **ই-সেবায় আগামী ২০-১১-২০২২ খ্রিঃ হতে ২৯-১১-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে** স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদ করার জন্য বলা হলো। উল্লেখ্য, পূর্বে ই-সেবায় এন্ট্রিকৃত তালিকায় কোন শিক্ষক বাদ পড়ে থাকলে তার তথ্য নতুন করে এন্ট্রি করতে হবে এবং পূর্বের এন্ট্রিকৃত সকল শিক্ষকদের তথ্য হালনাগাদ (যেমন: পদবী সংশোধন, চলমান পর্বের পাঠদানকারী বিষয়সমূহ এন্ট্রি ইত্যাদি) করে দিতে হবে। এই তালিকাকে ভিত্তি ধরে বোর্ডের বিভিন্ন কার্যক্রমের জন্য শিক্ষক নিয়োগ প্রদান করা হবে।

ই-সেবায় শিক্ষক তথ্য প্রেরণ ও হালনাগাদের ধাপসমূহ: www.bteb.gov.bd → ই-সেবা → Sign-In করুন → Institute → Teacher's Information Menu থেকে এন্ট্রি করতে হবে।

- ই-সেবার Password এর জন্য রেজিস্ট্রেশন করে Password Set করুন এবং সংরক্ষণ করুন।
[www.bteb.gov.bd → ই-সেবা → প্রতিষ্ঠান → Registration (প্রয়োজনীয় তথ্য দিন) → Submit for OTP (OTP প্রবেশ করান) → Submit] এ সংক্রান্ত তথ্যের জন্য প্রয়োজনে যোগাযোগ করুন ০১৫৫০৬২০৬০৪।
- Password ভুলে গেলে Forgot Password Button এ ক্লিক করে Password পুনরুদ্ধার করতে হবে।
- যেসব শিক্ষকদের তথ্য ইতোমধ্যে এন্ট্রি করা হয়েছে তাদের তথ্য নতুন করে এন্ট্রি করার প্রয়োজন নেই। তবে তাদের কোন তথ্য ভুল থাকলে Edit অপশনে গিয়ে তা সংশোধন করে হালনাগাদ করতে হবে।
- কোন শিক্ষকের তথ্য একাধিকবার এন্ট্রি থাকলে সম্পূর্ণ তথ্য দেয়া আছে এরকম একটি এন্ট্রি রেখে বাকিগুলো মুছে দিতে হবে, কোন অবস্থাতেই ডুপ্লিকেট এন্ট্রি রাখা যাবে না।

বি.দ্র: শিক্ষকদের তথ্যাদি ই-সেবায় এন্ট্রি বা হালনাগাদকরণের পূর্বে প্রতিষ্ঠান প্রধানগণ অবশ্যই স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের তথ্যাদি (বিশেষভাবে পদবী, চাকুরির ধরন, যোগদানের তারিখ, পাঠদানের বিষয়সমূহ ইত্যাদি) ভালোভাবে যাচাই করে নিশ্চিত হবেন।

অনলাইনে তথ্য এন্ট্রির সময় নিম্নলিখিত বিষয়সমূহ খেয়াল রাখতে হবে:

- শিক্ষক তথ্য এন্ট্রির সময় তাদের পদবীসমূহ এবং চাকুরিতে যোগদানের তারিখ নির্ভুলভাবে এন্ট্রি করতে হবে।
- শিক্ষকগণের চাকুরির ধরন (রাজস্বখাতভূক্ত, প্রকল্পভূক্ত, সমাপ্ত প্রকল্পভূক্ত, অতিথি শিক্ষক ইত্যাদি) সঠিকভাবে নির্বাচন করতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই অনুমোদিত প্রতিষ্ঠান হতে অর্জিত সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে।
- প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের নিজ নিজ মূল টেকনোলজি অন্তর্ভুক্ত করতে হবে (যদিও তা নিজ প্রতিষ্ঠানে না থাকে)।
- উত্তরপত্র মূল্যায়নের জন্য প্রত্যেক শিক্ষক তার টেকনোলজি এবং শ্রেণী পাঠদান সংশ্লিষ্ট **সর্বোচ্চ চারটি** বিষয় নির্বাচন করে ই-সেবায় এন্ট্রি দিতে পারবেন।
- শিক্ষকগণ কোন কোন কাজে আগ্রহী (যেমন: অনাভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে দায়িত্ব পালন, উত্তরপত্র মূল্যায়ন, নিরীক্ষণ, প্রধান পরীক্ষণ, প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন ইত্যাদি) তা সঠিকভাবে ক্রমানুযায়ী উল্লেখ করতে হবে।
- কোন শিক্ষক যদি বোর্ডের কোন কাজে আগ্রহী না হয়ে থাকেন তাহলে “আগ্রহী নয়” মর্মে যথাযথ স্থানে তথ্য এন্ট্রি দিতে হবে।
- শিক্ষক তথ্য এন্ট্রির User Manual টি Teachers' Information Panel এ পাওয়া যাবে।

(মোঃ কেপায়েত উল্লাহ)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০২-৫৫০০৬৫২৫


তারিখ: ১৬ নভেম্বর, ২০২২ খ্রি.

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২২.২৭৫(১১)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- অধ্যক্ষ, সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট।

৩. অধ্যক্ষ/পরিচালক,
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [নোটিশটি ওয়েবসাইটে -এ প্রকাশ এবং বর্ণিত তারিখ মোতাবেক অনলাইন কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]।
৭. সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/বিতরণ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি।



(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোন: ০২-৫৫০০৬৫৩১

